গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০১.১৯-১৪০

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪২৭ ব: / ২৩ মে ২০২০ খ্রি:

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ-এর সভাপতিত্বে ২৩ মে ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩.০৫.২০২০
(শিরিন আখতার)
সিনয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, ১৫৬ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. উপসচিব (বাজেট-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫. উপসচিব (অগ্নি-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, ২৫ (সংশোধিত ৪৬) প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. প্রকল্প পরিচালক, ডুবুরি প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৯. প্রকল্প পরিচালক, ১১ মডার্ণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২০. প্রকল্প পরিচালক, সেফার প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

চলতি ২০১৯-২০২০ অর্থবছরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ২৩ মে ২০২০ |
| সময় | : | বেলা ১১.৩০ মিনিট |
| স্থান | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা। |

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং বর্তমান পরিস্থিতিতে প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স প্রাঙ্গনে এই বিশেষ সভার আয়োজন করা হয়। সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩ জন পরিচালক, উন্নয়ন অনুবিভাগের যুগ্মসচিব, উপপ্রধান, গণপূর্ত বিভাগের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ উপস্থিত ছিলেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো)।

০২। সভার শুরুতে সভাপতি সুরক্ষা সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির হার সন্তোষজনক নয় মর্মে উল্লেখপূর্বক এ সংক্রান্তে সচিব মহোদয়ের দিক নির্দেশনা সম্পর্কে সভায় আলোকপাত করেন। বর্তমান পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের দিক নির্দেশনা অনুসরণ করে অর্থবছরের অবশিষ্ট দিনগুলোতে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। অত:পর সভাপতির অনুমোদনক্রমে উপপ্রধান প্রকল্প ভিত্তিক নিম্নবর্ণিত বাস্তবায়ন অগ্রগতির চিত্র সভায় উপস্থাপন করেন:

(ক) দেশের গুরুত্বপূর্ণ স্থানে ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প :

উক্ত প্রকল্পের আওতায় চলতি ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দ ও ব্যয় বিবরণী নিম্নরুপ (হিসাবসমূহ লক্ষ টাকা হিসেবে দেখানো হলো):

| ক্রমিক | ব্যয়ের খাত | সংশোধিত এডিপি বরাদ্দ | মে' ২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয় | জুন' ২০২০ পর্যন্ত সম্ভাব্য ব্যয় | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | নির্মাণ কাজ | ১৮৮৭৬.০০ | ৬১৯২.০৩ | ৬১৯২.০৩ | ১২৬৮৩.৯৭ | করোনা ভাইরাসের কারণে নির্মাণ কাজ স্থগিত এবং জমি অধিগ্রহণ কার্যক্রম স্থগিত থাকায় সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী ১৪৪০০.০০ লক্ষ টাকা অব্যয়িত থাকবে।<br>সম্ভাব্য আর্থিক অগ্রগতি হবে ৩৩.৯৪% |
| (২) | জমি অধিগ্রহণ | ২৫০০.০০ | ৯৬১.০৮ | ১০৬১.০৮ | ১৪৩৮.৯২ | |
| (৩) | সরঞ্জাম ক্রয় | ৮৯.০০ | ০ | ৬০.০০ | ২৯.০০ | |
| (৪) | ইউটেনসিল | ১৩৫.০০ | ২৯.৯৫ | ২৯.৯৫ | ১০৫.০৫ | |
| (৫) | রাজস্ব | ২০০.০০ | ৩৩.৪২ | ৫৬.৯৪ | ১৪৩.০৬ | |
| | মোট = | ২১৮০০.০০ | ৭২১৬.৪৮ | ৭৪০০.০০ | ১৪৪০০.০০ | |

উক্ত প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করার প্রস্তাব ইতোমধ্যে প্ল্যানিং কমিশনে প্রেরণ করা হয়েছে। এখন চলতি অর্থবছরে গণপূর্ত বিভাগের সাথে সমন্বয় করে ওয়ার্ক প্ল্যান মোতাবেক পূর্ত কাজসমূহ শেষ করতে হবে। পাশাপাশি ডিপিপি সংশোধনের বিষয়ে কাজ শুরু করতে হবে। ইতোমধ্যে যে সকল অংগে ভেরিয়েশন আনা হয়েছে সেগুলো যথাযথভাবে সংশোধনী প্রস্তাবে প্রতিফলন ঘটাতে হবে। আরো নিবিড়ভাবে পরীক্ষা করে দেখতে হবে কতটি স্টেশনের কাজ করা যাবে না এবং তার প্রতিফলন নিয়ে আসতে হবে সংশোধনের প্রস্তাবে। গণপূর্ত বিভাগের প্রধান প্রকৌশলী মহোদয়কে স্টেশনগুলোর পূর্ত কাজ ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এর আলোকে গণপূর্ত বিভাগের সাথে প্রতিনিয়ত সমন্বয় করে অবশিষ্ট কাজ শেষ করার জন্য জোর পদক্ষেপ নিতে হবে। এ সব বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো হয়।

(খ) দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২৫টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প :

উক্ত প্রকল্পের এডিপি বরাদ্দ ও ব্যয় বিবরণীর নিম্নরুপ তথ্য সভায় পেশ করা হয় :

| ক্রমিক | ব্যয়ের খাত | সংশোধিত এডিপি বরাদ্দ | মে' ২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয় | জুন' ২০২০ পর্যন্ত সম্ভাব্য ব্যয় | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | নির্মাণ কাজ | ৫২৮৩.৭৫ | ২১১৫.৪২ | ২২১৫.৬০ | ৩০৬৮.১৫ | করোনা ভাইরাসের কারণে নির্মাণ কাজ স্থগিত এবং জমি অধিগ্রহণ কার্যক্রম স্থগিত থাকায় সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী ৩৩৭৭.০০ লক্ষ টাকা অব্যয়িত থাকবে। সম্ভাব্য আর্থিক অগ্রগতি হবে ৪৮.৭৩% |
| (২) | জমি অধিগ্রহণ | ২০০.০০ | ৯৮.১৫ | ৯৮.১৫ | ১০১.৮৫ | |
| (৩) | সরঞ্জাম ক্রয় | ৯৩৮.০০ | ০ | ৭৯৭.০০ | ১৪১.০০ | |
| (৪) | আসবাবপত্র ইউটেনসিল | ৯০.২৫ | ৭২.৯৭ | ৯০.২৫ | ০ | |
| (৫) | রাজস্ব | ৭৫.০০ | ৫.৩৮ | ৯.০০ | ৬৬.০০ | |
| | মোট = | ৬৫৮৭.০০ | ২২৯১.৯২ | ৩২১০.০০ | ৩৩৭৭.০০ | |

পূর্ত কাজের বিষয়ে একইভাবে গণপূর্ত বিভাগের সাথে সমন্বয় করতে হবে। গণপূর্ত বিভাগের প্রতিনিধি এ বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সমন্বয় করবেন। এ সব বিষয়ে প্রকল্প পরিচালক সার্বক্ষণিক যোগাযোগ করে ওয়ার্ক প্ল্যান মোতাবেক ব্যবস্থা নিবেন। মন্ত্রণালয়ের সহযোগিতার দরকার হলে জানাবেন।

(গ) ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প :

সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পরামর্শ মোতাবেক এই প্রকল্প গ্রহণ করা হয়। কিন্তু প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। চলতি অর্থবছরে আরএডিপিতে ৪৮০৩.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। তার বিপরীতে মে'২০২০ পর্যন্ত রাজস্ব বরাদ্দের আওতায় ২৭.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। মূলধন খাতে কোন ব্যয় হয়নি। চলতি অর্থবছরে ০৬ ক্যাটাগরিতে ২১৭টি সাজ-সরঞ্জাম ক্রয়ের কাজ সম্পন্ন করা হয়েছে এবং শীঘ্রই কার্যাদেশ দেয়া হবে। এ সব সরঞ্জামের অনুমোদিত উদ্ধৃত মূল্য প্রায় ১৩৭ লক্ষ টাকা। ১টি টেন্ডার ওপেন করা হয়েছে, মূল্যায়ন কাজ চলছে (০৭টি রেসকিউ ভিহিকল প্রাক্কলিত মূল্য ৩৮৫ লক্ষ টাকা)। আর ০১টি টেন্ডার ওপেন করা হবে ০৪/০৬/২০২০ তারিখে, ১৪টি লাইট ডিউটি রেসকিউ কোট, প্রাক্কলিত মূল্য ৪২০ লক্ষ টাকা। এ প্রকল্পের আওতায় মূল কাজ ছিল ডিপিপি মোতাবেক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা। ক্রয় পরিকল্পনা মোতাবেক প্রকল্প পরিচালক কর্তৃক বরাদ্দের চাহিদা প্রেরণ করা হয় এবং তদনুযায়ী আরএডিপিতে ৪৮০৩.০০ লক্ষ টাকা বরাদ্দ ও ছাড় করা হয়। তারপরও প্রকল্পের উক্ত অগ্রগতির হার দু:খজনক। এ বিষয়ে প্রকল্প পরিচালক সাহেব দপ্তর প্রধানের মাধ্যমে মন্ত্রণালয়ে ব্যাখ্যা উপস্থাপন করবেন। প্রকল্পের বিভিন্ন অংগ যেমন, ৩০ মিটার দৈর্ঘ বিশিষ্ট টাগ বোট ক্রয় এবং তার রক্ষণাবেক্ষণ, ফায়ার স্টেশন না থাকা সত্ত্বেও পন্টুন ও জেটি ক্রয় এ সব বিষয় আরো গভীরভাবে বিশ্লেষণ করে প্রকল্প

রিভিশনের ব্যবস্থা করতে হবে। এ জন্য ১১/৬/২০২০ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকর্তৃক ০১টি ওয়ার্কশপ আয়োজন করে তার ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত বিষয়ে প্রকল্প পরিচালক জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) <u>১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প</u> :

আরএডিপি'তে বরাদ্দ দেয়া হয় ১৬০ কোটি টাকা। এ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৭ কোটি ১৫ লক্ষ টাকা। ৭০ কোটি টাকা প্রাক্কলিত মূল্যে টার্ন টেবিল লেডারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সাজ-সরঞ্জাম ক্রয়ের জন্য আন্তর্জাতিক টেন্ডার আহবান করা হয়েছিল। ০৬০/৪/২০২০ ও ২০/০৪/২০২০ তারিখে টেন্ডার ওপেনিংয়ের তারিখ ছিল। কিন্তু করোনা পরিস্থিতিতে উভয় ধার্য তারিখ স্থগিত করা হয়। এখন ওপেনিংয়ের জন্য ০৪/০৬/২০২০ তারিখ পুনরায় তারিখ ধার্য করা হয়েছে। ধার্য তারিখে টেন্ডার ওপেন করে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সভায় একমত পোষণ করা হয়। প্রকল্পের বর্তমান অগ্রগতি ৩২%। কাঁচপুর, সারাবো ও কর্ণফুলি ফায়ার স্টেশনের পূর্ত কাজের প্রাক্কলন গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। কিন্তু এর অনুমোদন পাওয়া যায়নি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত বিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

জমির মূল্য, টিটিএল-এর উচ্চতা, মাতারবাড়িতে ফায়ার স্টেশন নির্মাণ সংক্রান্ত বিদ্যুৎ বিভাগের মতামত, রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রে আরো ০১টি মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণ করা সংক্রান্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রস্তাব ইত্যাদি বিষয় পরীক্ষা করে ডিপিপি সংশোধন করতে হবে। চলতি অর্থবছরের প্রকিউরমেন্ট প্ল্যান মোতাবেক টেন্ডার কার্যক্রম বিধি মোতাবেক দ্রুত শেষ করতে হবে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো হয়।

০৩। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩/০৫/২০২০
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়